# 103431 - ওড়না ছাড়া মেয়ে শিশুর নামায পড়ার হুকুম

প্রশ্ন

ওড়না ছাড়া মেয়ে শিশুর নামায পড়ার হুকুম কি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যদি প্রাপ্তবয়স্কা না হয় তাহলে তার নামায সহিহ। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী হচ্ছে: “খিমার বা ওড়না ছাড়া কোন হায়েযবতী নারীর নামায আল্লাহ্ কবুল করেন না”। এই হাদিসটি প্রমাণ করছে যে, হায়েযবতী নারী তথা বালেগ না হলে সে মেয়ের ওড়না ছাড়া নামায পড়তে আপত্তি নেই। কিন্তু ওড়নাসহ নামায পড়া উত্তম ও পরিপূর্ণতা; যদি সে সাত বছর বা ততোধিক বয়সী মেয়ে হয়। আর এর চেয়ে কম বয়সী ছেলে বা মেয়ে নামায পড়ার বয়সী হয় না। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “তোমরা তোমাদের সন্তানদেরকে সাত বছর বয়সে নামায পড়ার নির্দেশ দাও। দশ বছর বয়সে তাদেরকে নামাযের জন্য প্রহার কর এবং তাদের জন্য আলাদা আলাদা বিছানার ব্যবস্থা কর।’[সমাপ্ত]

[মাজমুউ ফাতাওয়াশ শাইখ বিন বায (২৯/২০০)]